



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২০/৩১(ভল-৩)/১০৯৯

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭
১৫ নভেম্বর ২০২০

ডিন/সভাপতি/হল প্রধান/দপ্তর প্রধান

----- অনুসদ/বিভাগ/হল/দপ্তর
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।

বিষয়: কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিতকরণ।

সূত্র: স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫৩০, তারিখ-১৮ কার্তিক ১৪২৭

জনাব,

“আসন্ন শীত মৌসুমে দেশে কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধির আশঙ্কা করা হচ্ছে। কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য এই Second Wave মোকাবেলায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান এবং মাঠ পর্যায়ে সকলের মাস্ক পরিধান নিশ্চিত করা প্রয়োজন। অথচ সম্প্রতি সকলের মধ্যে মাস্ক ব্যবহারসহ অন্যান্য স্বাস্থ্যবিধি প্রতিপালনে কিছুটা শিথিলতা লক্ষ্য করা যাচ্ছে।

এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান এবং মাঠ পর্যায়ের সকল দপ্তরে ‘মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry’ ‘মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service’ ইত্যাদি বার্তা উপযুক্ত মাধ্যমে (পোস্টার/স্টিকার/ব্যানার/বিলবোর্ড ইত্যাদি) দৃশ্যমান করাসহ সকল সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীর মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।”

উপরোক্ত সরকারি নির্দেশনার আলোকে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ে অবস্থানকালীন বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিভিন্ন বিভাগে বা দপ্তরে অবস্থান, চলাফেলা, জমায়েত এবং ধর্মীয় উপাসনালয়ে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে এবং কিছুক্ষন পরপর হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে। নিজেদের স্বাস্থ্য ও পরিবারের স্বাস্থ্য সুরক্ষাসহ দেশের সামগ্রিক স্বাস্থ্য সুরক্ষার নিমিত্তে এ আদেশ জারি করা হলো।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে,

স্বাঃ/-

(প্রফেসর ড. মোঃ নূরউদ্দিন আহমেদ)

রেজিস্ট্রার

স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/৩১(ভল-৩)/২০২০/১০৯৯(৫০)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭
১৫ নভেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। অনুসদ/বিভাগ/হল/দপ্তর প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। প্রোগ্রামার, আইসিটি সেল (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৩। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি (মাননীয় ভাইস-চ্যান্সেলরের জ্ঞাতার্থে)।
- ৪। নোটিশ বোর্ড, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৫। অফিস নথি।

(প্রফেসর ড. মোঃ নূরউদ্দিন আহমেদ)

রেজিস্ট্রার

ই-মেইল : registrar@bsmrstu.edu.bd

মোবাইল : ০১৭১১-৪৬৯২৩৭